

### বেসরকারী ভার্টিস্ট্র জন্য অধিদফতর গঠনের সুপারিশ

সংসদ - রিপোর্টার ১, বেসরকারী বিশ্ববিদ্যালয়ের আর্থিক বিষয়গুলো নিরীক্ষার জন্য পৃথক অধিদফতর গঠনের সুপারিশ করেছে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। বেসরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত অর্থ আদায়সহ ব্যয়বহুল শিক্ষা ব্যবস্থায় স্বচ্ছতা পর্যবেক্ষণে এ ধরনের অধিদফতর গঠন প্রয়োজন বলে মনে করছে কমিটি।

বৃহস্পতিবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত সংসদীয় কমিটির বৈঠকে এ নিয়ে আলোচনা হয়। বৈঠকে বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন ২০১০-এ কয়েকটি ধারা ও বিষয় নিয়েও বিস্তারিত আলোচনা হয়।

বৈঠকে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মোঃ আফছারুল আমীন।

কমিটির সদস্য শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, জাহাঙ্গীর কবীর নানক, মোঃ ছলিম উদ্দীন তরফদার, গোলাম মোস্তফা, এস এম আবুল কালাম আজাদ, মোহাঃ মামুনুর রশিদ এবং সেলিনা আক্তার বানু বৈঠকে অংশগ্রহণ করেন। বৈঠকে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালকসহ মন্ত্রণালয় এবং জাতীয় সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।